

💵 আল-লুলু ওয়াল মারজান

হাদিস নাম্বারঃ ৬৪৯

১২/ যাকাত (كتاب الزكاة)

পরিচ্ছেদঃ ১২/৫২. নবী (ﷺ) বানী হাশিম ও বানী মুত্তালিবের জন্য হাদিয়া গ্রহণ করা বৈধ, যদিও হাদিয়াদাতা সদাকার মাধ্যমে ঐ মালের মালিক হয়ে থাকে এবং ঐ জিনিসের বর্ণনা যে, সদাকাহ গ্রহীতা যখন তা গ্রহণ করে তখন সেটা সদাকাহর হুকুম হতে মুক্ত হয়ে যায় এবং তা প্রত্যেক ঐ ব্যক্তির জন্য হালাল হয়ে যায় যাদের জন্য সদাকাহ গ্রহণ করা হারাম।

إباحة الهدية للنبي صلَّى اللَّهُ عَلَيْهِ وَسلَّمَ ولبني هاشم وبني المطلب، وإن كان المهدي ملكها بطريق الصدقة وبيان أن الصدقة إذا قبضها المتصدق عليه زال عنها وصف الصدقة وحلت لكل أحد ممن كانت الصدقة محرمة عليه

আরবী

حديث أُمِّ عَطِيَّةَ الأَنْصَارِيَّةِ، قَالَتْ: دَخَلَ النَّبِيُّ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ عَلَى عَائِشَة، فَقَالَ: هَلْ عِنْدَكُمْ شَيْءٌ فَقَالَتْ: لاَ إِلاَّ شَيْءٌ بَعَثَتْ بِهِ إِلَيْنَا نُسَيْبَةُ مِنَ الشَّاةِ الَّتِي بَعَثْتَ بِهَا مِنَ الصَّدَقَةِ فَقَالَ: إِنَّهَا قَدْ بَلَغَتْ مَحِلَّهَا

বাংলা

৬৪৯, উম্মু 'আতিয়াহ আনসারীয়াহ (রাঃ) হতে বর্ণিত। তিনি বলেন, নবী সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম 'আয়িশাহ্ (রাঃ)-এর নিকট গিয়ে বললেনঃ তোমাদের কাছে (খাবার) কিছু আছে কি? আয়িশাহ্ (রাঃ) বললেনঃ না, তবে আপনি সাদাকাস্বরূপ নুসাইবাহকে বকরীর যে মাংস পাঠিয়েছিলেন, সে তার কিছু পাঠিয়ে দিয়েছিল (তাছাড়া কিছু নেই)। তখন নবী সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম বললেনঃ সাদাকা তার যথাস্থানে পৌছেছে।

ফুটনোট

সহীহুল বুখারী, পর্ব ২৪ : যাকাত, অধ্যায় ৬২, হাঃ ১৪৯৪; মুসলিম, পর্ব ১২: যাকাত, অধ্যায় ৫২, হাঃ ১০৭৬

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ তাওহীদ পাবলিকেশন 🛘 বর্ণনাকারীঃ উম্মু আতিয়্যাহ (রাঃ)



👲 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন